আমার   প্রিয়ার ছায়া
আকাশে আজ ভাসে, হায় হায় !
বৃষ্টিসজল বিষণ্ন নিশ্বাসে,   হায় ॥
        আমার প্রিয়া মেঘের ফাঁকে ফাঁকে
        সন্ধ্যাতারায় লুকিয়ে দেখে কাকে,
        সন্ধ্যাদীপের লুপ্ত আলো স্মরণে তার আসে,   হায় ॥
বারি-ঝরা বনের গন্ধ নিয়া
পরশ-হারা বরণমালা গাঁথে আমার প্রিয়া ।
        আমার প্রিয়া ঘন শ্রাবণধারায়
        আকাশ ছেয়ে মনের কথা হারায় ।
        আমার প্রিয়ার আঁচল দোলে
        নিবিড় বনের শ্যামল উচ্ছ্বাসে,   হায় ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Malhar

Visit www.geetabitan.com for notation and other detail